জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা।
www.nha.gov.bd

স্মারক নং- ২৫.৩৮.০০০০.৩০২.১৮.০১২.১৮- তারিখ: /০৪/২০২১ খ্রিঃ।

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগ এর নম্বর- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০, তারিখ- ১২/০৪/২০২১ ও গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৯.১৯.২৭০, তারিখ- ১২/০৪/২০২১ এর জারীকৃত পত্রে করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলী/চলাচলে বিধি নিষেধ আরোপ করা হয়েছে। যা নির্দেশক্রমে সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

(মো: মুশফিকুল ইসলাম)
উপ পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
ই-মেইল- dd_at@nha.gov.bd
ফোন নং- ০২-৯৫৭৬৫১৮

স্মারক নং- ২৫.৩৮.০০০০.৩০২.১৮.০১২.১৮- ২৭৪/১(৩২) তারিখ: ১৩ /০৪/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সদস্য (প্রশাসন ও অর্থ)/(প্রকৌশলী ও সমন্বয়)/ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা/পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। উপ প্রধান স্থপতি, স্থাপত্য শাখা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল/রাজশাহী সার্কেল/চট্টগ্রাম সার্কেল, সমন্বয় ও উন্নয়ন/পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৫। সচিব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৬। উপ পরিচালক (অর্থ ও হিসাব)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-১/২), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১/২/মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন/ই-এম ডিভিশন/চট্টগ্রাম ডিভিশন/সিলেট ডিভিশন/খুলনা ডিভিশন/রাজশাহী ডিভিশন/দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৮। নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা,ঢাকা। (গৃহায়ন ভবনের নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে সিসি ক্যামেরা মনিটরিং এবং প্রয়োজনীয় সংখ্যাক সিসি ক্যামেরা স্থাপন নিশ্চিত করবেন।)
৯। আইন কর্মকর্তা, আইন কোষ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
১০। প্রোগ্রামার, কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১১। প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট) (সকল)..........................................................................।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। কেয়ারটেকার, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। অফিস কপি।

১৩।৪।২১

(মো: মুশফিকুল ইসলাম)
উপ পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩
www.mohpw.gov.bd

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৯.১৯.২৭০

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৭
১২ এপ্রিল ২০২১

বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের ১২ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ নং পত্র।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটির ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। বর্ণিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ফর্দ।

১২/০৪/২০২১

মোঃ ছিদ্দিকুর রহমান
উপসচিব
দূরালাপনী-৯৫১২২৩১

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন)/ (প্রশাসন-২)/ (উন্নয়ন-১)/ (উন্নয়ন-২)/ (অডিট)/ (মনিটরিং)/ (আইন উপদেষ্টা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ/চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজানর উন্নয়ন কর্তৃপক্ষ।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা ও সভাপতি, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. যুগ্মসচিব (বাজেট)/(প্রশাসন ব্রাঞ্চ)/(প্রশাসন ব্রাঞ্চ-২)/ (উন্নয়ন-২) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, এইচ বি আর আই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
৮. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. উপসচিব, প্রশাসন শাখা/অধিশাখা-১/২/৩/৪/৬/১৭, উন্নয়ন শাখা/ অধিশাখা-৭/৯/১৫ মনিটরিং শাখা-১০/১১, উপসচিব (পরিকল্পনা), আইন কর্মকর্তা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১১. রেজিষ্ট্রার, প্রথম/ দ্বিতীয় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
১২. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, প্রশাসন শাখা-৫/১৩, অডিট শাখা-১২, উন্নয়ন শাখা-৮/১৪, হিসাব শাখা, বাজেট শাখা-১৬, পরিকল্পনা শাখা-১/৩, আইন শাখা-১, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সিনিয়র সহকারী প্রধান-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে) :

১. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭ / ১২ এপ্রিল ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১, তারিখ: ০৪.০৪.২০২১
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৬, তারিখ: ০৮.০৪.২০২১
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১৮, তারিখ: ১১.০৪.২০২১

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতি অবনতির কারণে বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে **আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত পর্যন্ত** নিম্নরূপ বিধি-নিষেধ আরোপ করা হলো:

(ক) সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে ও সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন। তবে, বিমান, সমুদ্র, নৌ ও স্থলবন্দর এবং তৎসংশ্লিষ্ট অফিসসমূহ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(খ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট আদালতসমূহের জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

(গ) সকল প্রকার পরিবহন (সড়ক, নৌ, রেল, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা ও জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না;

(ঘ) শিল্প-কারখানাসমূহ স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় চালু থাকবে। তবে, শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া নিশ্চিত করতে হবে;

(ঙ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-কৃষি উপকরণ (সার, বীজ, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যশস্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি-বেসরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(চ) অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না। তবে টিকা কার্ড প্রদর্শন সাপেক্ষে টিকা গ্রহণের জন্য যাতায়াত করা যাবে;

(ছ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় দুপুর ১২:০০টা থেকে সন্ধ্যা ৭:০০টা এবং রাত ১২:০০টা থেকে ভোর ০৬:০০টা পর্যন্ত কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে;

(জ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(ঝ) বোরো ধান কাটার জরুরি প্রয়োজনে কৃষি শ্রমিক পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন সমন্বয় করবে;

(ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে;

(ট) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক তাঁর পক্ষে জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করবেন;

(ঠ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে জুম্মা ও তারাবী নামাজের জমায়েত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নির্দেশনা জারি করবে; এবং

(ড) উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনে সম্পূরক নির্দেশনা জারি করতে পারবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.০৪.২০২১

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)
৪। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
৫। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)